



## বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা  
সার্ভে এন্ড এজেন্ট লাইসেন্স শাখা  
নন-লাইফ অনুবিভাগ  
[www.idra.org.bd](http://www.idra.org.bd)

স্মারক নং-৫৩.০৩.০০০০.০৫৮.০৪৫.০৮২.১৮.৭৭


তারিখ: ১৩ জুলাই ২০২৩ ইং

বিষয়: বাংলাদেশের সকল নন-লাইফ ইন্স্যুরেন্স সার্ভেয়র কোম্পানি/প্রতিষ্ঠান/ফার্মসমূহকে নন-লাইফ বীমা জরিপকারী (লাইসেন্সিং) বিধিমালা, ২০১৮ পরিপালন পূর্বক চেকলিস্ট অনুযায়ী তথ্যাদি ও কাগজাদি দাখিল এবং চেকলিস্ট কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোড প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের আওতাধীন বীমা জরিপকারীদের (Insurance Surveyor's) সনদপ্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে নন-লাইফ বীমা জরিপকারী (লাইসেন্সিং) বিধিমালা, ২০১৮ মোতাবেক তথ্যাদি ও কাগজাদি দাখিলের চেকলিস্ট নিম্নে তুলে ধরা হলোঃ

ক্রঃ নং	নন-লাইফ বীমা জরিপকারী (লাইসেন্সিং) বিধিমালা, ২০১৮ এর জরিপ সনদ নবায়নের জন্য বিধি ৭ ও ১৩ মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদি ও কাগজাদি দাখিলের চেকলিস্ট
০১	লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার তারিখ হইতে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্বে আবেদন পত্র দাখিল করতে হবে
০২	লাইসেন্স নবায়ন ফি ও বিলম্ব ফি (যদি থাকে)
০৩	নবায়ন ফি/বিলম্ব ফি এর উপর প্রদেয় মূল্য সংযোজন কর
০৪	নবায়ন সনদ ফরম ব্যক্তির ক্ষেত্রে ফরম-৬ অথবা কোম্পানি বা ফার্মের ক্ষেত্রে ফরম-৮
০৫	উপ-বিধি (৫) এ উল্লিখিত প্রত্যয়ন পত্র
০৬	কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক কর্মচারীদের তালিকা
০৭	বাংলাদেশ ইন্স্যুরেন্স সার্ভেয়র্স এসোসিয়েশন এর মেম্বারশীপ সনদপত্র
০৮	আয়কর প্রত্যয়নপত্র
০৯	জরিপকারী বা ব্যবস্থাপনা অংশীদার বা ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক যথাযথভাবে স্বাক্ষরিত সর্বশেষ পঞ্জিকা বা অর্থ বৎসরের নিরীক্ষিত আয় ও ব্যয় বিবরণী
১০	জরিপকারী কর্তৃক পূর্ববর্তী ১ (এক) বৎসরের দাখিলকৃত জরিপ প্রতিবেদনের উপ-শ্রেণি অনুসারে বিবরণী
১১	জরিপকারী কর্তৃক পূর্ববর্তী ১ (এক) বৎসরের দাখিলকৃত জরিপ প্রতিবেদনের উপ-শ্রেণি অনুসারে প্রতি উপ-শ্রেণির ২টি করে জরিপ প্রতিবেদন কপি
১২	আবেদন ফরমের সাথে বিগত বছরের নবায়ন সনদপত্রের কপি এবং এ সংক্রান্ত পত্রের কপি
১৩	কর্তৃপক্ষ, স্থায়ী বিবেচনায়, প্রয়োজনে, লাইসেন্স নবায়নের আবেদন বিবেচনার জন্য আনুষঙ্গিক অন্যান্য তথ্যাদি বা কাগজাদি চাহিতে পারিবে।

বীমা জরিপকারী সনদপত্র নবায়ন অনুমোদনে সংশ্লিষ্ট জরিপকারী প্রতিষ্ঠান কর্তৃক আবেদনপত্রের সাথে উপরোক্ত চেকলিস্ট অনুযায়ী তথ্যাদি ও কাগজাদির ০১ থেকে ১২ নং ক্রমিকের প্রত্যেকটি আবশ্যিকভাবে দাখিল করতে হয়। আবেদন পত্রের সাথে সংযুক্ত তথ্যাদি ও কাগজাদি চেকলিস্ট অনুযায়ী দাখিল না করলে লাইসেন্স প্রাপ্তির আবেদনটি আইনগতভাবে বিবেচনার কোন সুযোগ নাই। উপরোক্ত চেকলিস্ট বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ওয়েবসাইট <http://www.idra.org.bd> এর ফরম মেনুর জরিপ সনদ নবায়নের চেকলিস্ট সাবমেনুতে আপলোড করা আছে। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

  
(মোঃ সোলায়মান)

উপ-পরিচালক

ফোন-০২-৪১০৫১৩৮২

বিতরণ (কার্যার্থে):

০১। প্রধান জরিপকারী/ব্যবস্থাপনা পরিচালক (সকল); -----।

০২। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স সার্ভেয়র্স এসোসিয়েশন;

০৩। নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);

অনুলিপি (সদয় অবগতির জন্য):

০১। চেয়ারম্যান মহোদয়ের স্টাফ অফিসার, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

০২। সদস্য মহোদয়গণের সহকারী (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

০৩। অফিস কপি।